দৈনিক সংবাদ

তারিখ 18 JUL 1993
পৃষ্ঠা ০২ কলাম ৬

145

# শিক্ষা সচিবের কাছে কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির স্মারকলিপি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি শিক্ষকদের ১৫ দফা দাবির ব্যাপারে গঠিত উচ্চক্ষমতাসম্পন্ন কমিটির সুপারিশ চূড়ান্ত করা ও অবিলম্বে তা বাস্তবায়ন করার দাবিতে গতকাল শনিবার শিক্ষা সচিবের কাছে স্মারকলিপি দিয়েছে। গতকাল সমিতির এক সাংবাদিক সম্মেলনে একথা জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসিতে আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি অধ্যাপক ম, আখতারুজ্জামান। অধ্যাপিকা হোসনে আরা, অধ্যাপক নিরঞ্জন অধিকারী, অধ্যাপিকা এ,এন রাশেদা ও অধ্যাপক গোলাম মহিউদ্দিন সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।